

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মে ১৯, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ : ১১ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/২৪ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৬৭.২০১৪-৬৩৬—গত ০৯ জানুয়ারি ২০১৭/২৬ পৌষ ১৪২৩ তারিখে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) এর ১১৩ তম সভায় কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ উপজেলার ৮টি ইউনিয়ন, যথা : ১. বাগমারা (উত্তর) ২. বাগমারা (দক্ষিণ) ৩. ভুলইন (উত্তর) ৪. ভুলইন (দক্ষিণ) ৫. পেরুল (উত্তর) ৬. পেরুল (দক্ষিণ) ৭. বেলঘর (উত্তর) ৮. বেলঘর (দক্ষিণ) এবং লাকসাম উপজেলার ১টি ইউনিয়ন, যথা : বাকই (উত্তর) সমন্বয়ে “লালমাই” উপজেলা গঠনসহ উক্ত উপজেলার সদর দপ্তর “৪৭নং জয়নগর” মৌজায় স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে গত ০২ এপ্রিল ২০১৮/১৯ চৈত্র ১৪২৪ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) এর ১১৫ তম বৈঠকে কুমিল্লা জেলার নবসৃষ্ট “লালমাই” উপজেলার সদর দপ্তর “৪৭নং জয়নগর” মৌজার পরিবর্তে উক্ত উপজেলার “৩৬নং উত্তর ফতেপুর” মৌজায় স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। এমতাবস্থায়, গত ০২ এপ্রিল ২০১৮/১৯ চৈত্র ১৪২৪ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) এর ১১৫ তম বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী কুমিল্লা জেলার নবসৃষ্ট “লালমাই” উপজেলার সদর দপ্তর “৪৭নং জয়নগর” মৌজার পরিবর্তে উক্ত উপজেলার “৩৬নং উত্তর ফতেপুর” মৌজায় স্থাপিত হইবে।

৩। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে।

অমিতাভ সরকার
যুগ্মসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৫৮০৭)

মূল্য ৪ টাকা ৪.০০